

## সেতুটি

এটাই সেই সেতু  
যেটা আমরা পার হয়ে যেতে পারি  
এবং এগুলো হল সীমানা  
যা আমরা হারিয়েছি  
জোরালো মাটির ওপর  
এগুলো হল পা  
আর বিশ্বাসের  
এইখানে হল ভগ্নাবশেষ

এই হল চুম্বন  
যা সৃষ্টি করে  
আর এই হল শব্দ  
যা শূণ্যতা থেকে সৃষ্ট  
এই হল সঙ্গীত  
যা আমরা বাতাসে শুনেছি  
আর এইখানে আছে বৃক্ষটি  
যার উৎপত্তি স্বর্গে

এই হল আয়না  
যাতে তোমার মুখ দেখা যায়  
আর এই হল কুয়া  
যার জল আমরা খাই  
এই হল মশাল  
যা পথকে আলোকিত করে  
আর এখানে এই রামধনু  
যার থাকার কথা ছিল

এসো আমরা নাচি  
এটাই সেই সেতু  
এসো আমরা নাচি  
এই আমাদের জীবন  
এসো আমরা নাচি  
এসো আমরা নাচি  
এসো আমরা নাচি  
এসো আমরা নাচি